# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র নং-৩৬(০০৩) জাতীঃ বিঃ/ এম. ফিল ও পিএইচ ডি/ ২০০৬/১/২১৭৫ তারিখ : ২৮/০৩/২০১৯

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এম ফিল ও পিএইচ ডি প্রোগ্রামে

## ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইটঃ (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এম ফিল ও পিএইচ ডি প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে পূর্ণকালীন গবেষক ভর্তির জন্য অন-লাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| গ্রুপ | এম ফিল প্রোগ্রামে ভর্তির বিষয়সমূহ | পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির বিষয়সমূহ |
|---|---|---|
| আর্টস | বাংলা, আরবি, সংস্কৃত, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | বাংলা, ইংরেজি, আরবি, পালি, সংস্কৃত, ইতিহাস, ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন |
| সোশ্যাল সায়েন্স | সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি | সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান |
| ন্যাচারাল সায়েন্স | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান |
| লাইফ এন্ড আর্থ সায়েন্স | প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান | প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, মৃত্তিকাবিজ্ঞান, মনোবিজ্ঞান |
| বিজনেস স্টাডিজ | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং |

বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, জাতিরাষ্ট্র গঠন প্রক্রিয়া, মহান মুক্তিযুদ্ধ, রাজনৈতিক, অর্থনৈতিক উন্নয়ন, ব্যবসা বাণিজ্য উন্নয়ন ও সম্প্রসারণ, শিক্ষা ও সামাজিক চ্যালেঞ্জসমূহের সাথে সংশ্লিষ্ট গবেষণা কর্মকে অগ্রাধিকার দেয়া হবে।

১. ভর্তির যোগ্যতা

ক. **এম ফিল ভর্তির ক্ষেত্রে**

সকল পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.৫০/দ্বিতীয় বিভাগ/ শ্রেণীসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ( সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৫০% নম্বর বা CGPA ২.৫০ থাকতে হবে।

তবে ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ শিক্ষকদের মধ্যে যাদের উভয় পরীক্ষায় গড়ে ন্যূনতম ৫০% নম্বর বা CGPA ২.৫০ রয়েছে তারা আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।

অথবা

স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় আলাদাভাবে কমপক্ষে ৫৫% বা CGPA ২.৭৫ নম্বর থাকতে হবে। তবে অধিভুক্ত কলেজ শিক্ষকদের মধ্যে যাদের স্নাতক (পাস) ও মার্স্টাস উভয় পরীক্ষায় গড়ে ৫৫% নম্বর আছে তারাও ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

খ. **পিএইচ ডি ভর্তির ক্ষেত্রে**

i. এম ফিল / সমমানের ডিগ্রিধারী হতে হবে।
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন-ক্যাম্পাস এম এ এস, এডভান্সড এম বি এ ডিগ্রিধারীগণও পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। উভয়ক্ষেত্রে প্রার্থীর স্বীকৃত জার্নালে ন্যূনপক্ষে একটি গবেষণা প্রবন্ধ থাকতে হবে।

অথবা

ii. বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/ প্রতিষ্ঠানের শিক্ষক যাদের শিক্ষা জীবনে ন্যূনতম ৩ টি প্রথম বিভাগ/ শ্রেণি, ৩ বছর শিক্ষকতার অভিজ্ঞতা এবং দেশি-বিদেশি স্বীকৃতমানের জার্নালে কমপক্ষে ২ টি গবেষণামূলক প্রকাশনা রয়েছে তারা সরাসরি পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বাংলা ও ইংরেজি বিষয়ের ক্ষেত্রে শিক্ষা জীবনে ন্যূনতম ২ টি প্রথম বিভাগ/ শ্রেণি থাকতে হবে।

আর্টস/ সোশ্যাল সায়েন্স/ বিজনেস স্টাডিজ বিষয়ের গবেষণা প্রবন্ধের ক্ষেত্রে সর্বোচ্চ ২ জন লেখক গ্রহণযোগ্য তবে প্রার্থীকে মূল লেখক বা First Author হতে হবে। ন্যাচারাল সায়েন্স/লাইফ এন্ড আর্থ সায়েন্স বিষয়ের গবেষণা প্রবন্ধের ক্ষেত্রে সর্বোচ্চ ৩ জন লেখক গ্রহণযোগ্য তবে প্রার্থীকে মূল লেখক বা First Author হতে হবে।

iii. সমমানের পরীক্ষায় পাশ করা বিদেশের শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে এম ফিল/পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

২. শর্তাবলীঃ

ক. প্রার্থী শুধুমাত্র তার স্নাতক (সম্মান)/ স্নাতকোত্তর পর্যায়ে পঠিত বিষয়ে ভর্তি হতে পারবেন।

খ. ভর্তিচ্ছু গবেষকদের অন-লাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষার (লিখিত ও মৌখিক পরীক্ষা) ভিত্তিতে শিক্ষার্থী/গবেষক ভর্তি করা হবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষার সময় গবেষণার বিষয়ের উপর Research Design অনুসরণ করে সুনির্দিষ্ট একটি প্রস্তাবনা জমা দিতে হবে।

গ. প্রার্থীকে তার এম ফিল/পিএইচ ডি গবেষণা প্রস্তাব সংশ্লিষ্ট কমিটির সামনে ডিফেন্ড করতে হবে।

ঘ. **পিএইচ ডি প্রোগ্রামে স্থানান্তর**

এম ফিল প্রোগ্রামে প্রথম বর্ষে তত্ত্বীয় ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫০, গবেষণায় অগ্রগতি সন্তোষজনক এই মর্মে সুপারভাইজার-এর সুপারিশ এবং এম ফিল কোর্সওয়ার্ক চলাকালীন দেশে/বিদেশে স্বীকৃতমানের জার্নালে ১টি গবেষণামূলক প্রকাশনা থাকলে, গবেষক পিএইচ ডি প্রোগ্রামে স্থানান্তরের জন্য আবেদন করতে পারবেন।

৩. **প্রোগ্রামের মেয়াদ**

এম ফিল প্রোগ্রামের মেয়াদ এক বছরের কোর্সওয়ার্কসহ ০২ (দুই) বছর এবং পিএইচ ডি প্রোগ্রামের মেয়াদ ০৩ (তিন) বছর।

৪. এম ফিল প্রোগ্রামে ১ টি এবং পিএইচ ডি প্রোগ্রামে ২ টি সেমিনার প্রদান করতে হবে।

৫. পিএইচ ডি প্রোগ্রামে যারা সরাসরি ভর্তির জন্য মনোনীত হবেন তাদেরকে সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের এম ফিল গবেষকগণের সাথে কোর্সওয়ার্ক সম্পন্ন করতে হবে।

৬. **ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলী**

ক. এম ফিল ও পিএইচ ডি প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থী/ গবেষকদের মধ্যে যোগ্যতার ভিত্তিতে মাসিক নির্ধারিত হারে ফেলোশিপ দেয়া হবে।

খ. এম ফিল ও পিএইচ ডি প্রোগ্রামে গবেষকদের ফেলোশিপ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর বয়সসীমা আবেদনের শেষ তারিখে যথাক্রমে অনধিক ৪০ (চল্লিশ) এবং ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে। ফেলোশিপ ব্যতীত ভর্তির ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয়।

গ. ফেলোশিপপ্রাপ্ত গবেষককে কোর্স চলাকালীন পূর্ণ ছুটিতে থাকতে হবে। চাকুরীরত প্রার্থীদের মধ্যে যারা ফেলোশিপ ব্যতীত ভর্তি হবেন তাদের ক্ষেত্রে কোর্সওয়ার্ক চলাকালীন ১ বছরের শিক্ষাছুটি নিতে হবে।

৭. **অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড**

ক. আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Master's Tab** এ গিয়ে **Apply Now( M.Phil/ Ph.D)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট **স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান)/মাস্টার্স** পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip** অপশন থেকে সোনালী সেবার পে-স্লিপ **Print** করে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।


গ. প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। **এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/ অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে**। ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg, maximum file size:50Kb.**

৮. **পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে আবেদন ফরম ডাউনলোড**

ক. পে-স্লিপ **Print** করে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে**। এ পর্যায়ে প্রার্থী তার পে-স্লিপে উল্লিখিত রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Master's Tab**-এ গিয়ে **Applicant's Login ( M.Phil/ Ph.D)** অপশনে থেকে **আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবে। উল্লেখ্য যে, সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়ার ৪৮ ঘন্টার মধ্যে কোন প্রার্থী SMS না পেলে সংশ্লিষ্ট গ্রুপের চেয়ারম্যানকে জানাতে হবে।**

খ. **প্রাথমিক আবেদন ফরম ব্যতিত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

**আবেদন ফরম পেতে নিম্নের নির্দেশনাটি ধারাবাহিক অনুসরণ করুন ঃ**




গ. প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Master's Tab**-এ গিয়ে **Applicant's Login ( M.Phil/ Ph.D )** করে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। **উল্লেখ্য যে, সোনালী সেবার মাধ্যমে ব্যাংকে টাকা জমা দেয়ার পূর্ব পর্যন্ত প্রাথমিক আবেদন ফরমের যে কোন ত্রুটি সংশোধন করা যাবে**।

৯. **লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকার বিষয়ে করণীয়**

ক. এম ফিল ও পিএইচ ডি ভর্তি পরীক্ষা নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

খ. লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত তারিখে আবেদনকারীকে সোনালী সেবার মাধ্যমে ফি জমাদানের মূল রশিদের ফটোকপি, স্বাক্ষরকৃত আবেদন ফরম, সকল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ও গবেষণা প্রস্তাবনা সংশ্লিষ্ট গ্রুপ চেয়ারম্যান দপ্তরে জমা দিতে হবে।

গ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীকে সাক্ষাৎকারের দিন সকল সনদ ও নম্বরপত্রের মূলকপি, সোনালী সেবার মাধ্যমে আবেদন ফি জমা রশিদের মূলকপি ও প্রাথমিক আবেদন ফরমসহ প্রশাসনিক ভবন (৩য় তলা), জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর-এ উপস্থিত হতে হবে।

ঘ. ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট গ্রুপ চেয়ারম্যান এর দপ্তরে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

| ১০. | | **প্রাথমিক আবেদন ও চূড়ান্ত ভর্তির সিডিউল** | |
|---|---|---|---|
| | ক. | অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ ঃ | ০৭/০৪/২০১৯ থেকে ০২/০৫/২০১৯ |
| | খ. | সোনালী সেবার টাকা জমাদান ঃ<br>প্রার্থী প্রতি **১,০০০/- (এক হাজার)** টাকা হারে Pay Slip এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **02181100002701** (এমফিল/পিএইচডি খাত) উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে। | ০৭/০৪/২০১৯ থেকে ০৬/০৫/২০১৯ |
| | গ. | **লিখিত পরীক্ষার তারিখ ঃ**<br>(ভেন্যু: একাডেমিক ভবন, জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর-১৭০৪) | ১৫/০৫/২০১৯<br>( বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত) |
| | ঘ. | **লিখিত পরীক্ষার ফল প্রকাশ ঃ**<br>(জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে) | ২২/০৫/২০১৯ |
| | ঙ. | **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের তারিখ ঃ**<br>(স্থান ঃ প্রশাসনিক ভবন (৩য় তলা), জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর-১৭০৪) | ১৬/০৬/২০১৯ থেকে ২০/০৬/২০১৯ |
| | চ. | **চূড়ান্ত ভর্তির ফল প্রকাশ ঃ** | ২৪/০৬/২০১৯ |
| | ছ. | **পে স্লিপ ডাউন লোড ও ভর্তির তারিখ ঃ** | ২৫/০৬/২০১৯ থেকে ৩০/০৬/২০১৯ |
| | জ. | **কোর্সওয়ার্ক / গবেষণা কার্যক্রম শুরুর তারিখ ঃ** | ০১/০৭/২০১৯ |

১১. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২. ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি.দ্রঃ ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd –এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট একাডেমিক কমিটির চেয়ারম্যানের সাথে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করা যাবে।
আর্টস গ্রুপ- ০১৭১৫১৩৮৬২৫; সোশ্যাল সায়েন্স গ্রুপ-০১৯১১০১০১৩০; ন্যাচারাল সায়েন্স গ্রুপ-০১৭৪২-৮৪৬৪১৪; লাইফ এন্ড আর্থ সায়েন্স গ্রুপ- ০১৭১২-০৭৬২৮০ এবং বিজনেস স্টাডিজ গ্রুপ- ০১৭৪২৮৪৬৪১৪ ; ০১৯৮২৬৯৯৭৮১।

**(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)**
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

সূত্র নং- ৩৬(০০৩) জাতীঃ বিঃ/ এম. ফিল ও পিএইচ ডি/ ২০০৬/১/২১৭৫ তারিখ : ২৮/০৩/২০১৯

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৪. সকল বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয় [বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ এবং অন লাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।
৮. পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। [ বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
৯. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. উপ-পরিচালক, তথ্য ও পরামর্শ সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৪. অফিস কপি / নোটিশ বোর্ড

(মোঃ শহীদুর রহমান) ২৮/০৩/২০১৯
উপ-রেজিস্ট্রার
এম ফিল, পিএইচ ডি ও অন-ক্যাম্পাস মাস্টার্স প্রোগ্রাম
মোবাইল : ০১৭৯৬২৮৪৫৯৭